

QP Code : 18UT21SBG(II)

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

সহায়ক পাঠক্রম

বাংলা (Bengali)

দ্বিতীয় পত্র

Chhando, Alonkar O Kabya-Kabita : SBG-II

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

(ক) কলাবৃত্ত অথবা শ্বাসাঘাত-প্রধান ছন্দের স্বরূপ এবং বিশেষত্বের আলোচনা করুন।

(খ) দু'টি করে শব্দালঙ্কার এবং অর্থালঙ্কারের উদাহরণ দিয়ে, শব্দালঙ্কার এবং অর্থালঙ্কারের পার্থক্য বিশ্লেষণ করুন।

B.A.-11401-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT21SBG(II) 2

(গ) 'সোনারতরী' কবিতাটির নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঘ) 'নারী' কবিতায়, লিঙ্গ বৈষম্য চিহ্নিত করে, নারীকে কবি কেন সমানাধিকার দিতে চেয়েছেন? — আলোচনা করুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

(ক) পূর্বরাগ কাকে বলে? চণ্ডীদাসের এ পর্যায়ের কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করুন।

(খ) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করুন।

(গ) বর্ণ আর ধ্বনি; মাত্রা আর কলা; ছন্দ আর যতি — এর পার্থক্য নিয়ে আলোচনা করুন।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লিখুন (যে-কোনো তিনটি) :

অনুপ্রাস, কাকুবক্রোক্তি, ব্যাজসত্ততি, অর্থান্তরন্যাস, রূপক, সমাসোক্তি।

(ঙ) কৃতিবাস বর্ণিত জটায়ুর সঙ্গে রাবণের যুদ্ধের বিবরণ দিয়ে এর বৈশিষ্ট্য নিরূপণ করুন।

(চ) 'হিংসার উৎসব'-এর রবীন্দ্রকৃত বিবরণ দিন।

B.A.-11401-W

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দ) :

$$৬ \times ৪ = ২৪$$

(ক) ছন্দোলিপি তৈরি করুন :

শুধু বিষে দুই ছিল মোর ভুঁই, আর সবি গেছে ঋণে।

বাবু বলিলেন, “বুঝেছ উপেন, এ জমি লইব কিনে।”

অথবা

যেখানেই যাও চলে, হয় নাকো জীবনের কোন রূপান্তর;

এক ক্ষুধা এক স্বপ্ন এক ব্যথা বিচ্ছেদের কাহিনী ধূসর।।

(খ) সব্যাখ্যা অলঙ্কার নির্ণয় করুন :

(অ) পশে যদি কাকোদর গড়ুরের নীড়ে

ফিরি কি সে যায় কভু আপন বিবরে ?

(আ) দারিদ্র্য অসহ

পুত্র হয়ে জায়া হয়ে কাঁদে অহরহ

আমার দুয়ার ধরি

(ই) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা

(গ) ‘লঙ্কার পঞ্চজ রবি গেলা অস্তাচলে’ — কাকে, কেন

‘লঙ্কার পঞ্চজ রবি’ বলা হয়েছে ? তিনি কীভাবে

অস্তাচলে গেলেন ? $১ + ১ + ৪$

(ঘ) এলিজি বা ওড নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(ঙ) পিয়াস লাগিয়া জলদ সেবিনু

বজর পড়িয়া গেল।

— কার, কোন্ পর্যায়ের পদ এটি ? অপ্ৰার্থিত এ ঘটনার ব্যাখ্যা করুন। $১ + ১ + ৪$

(চ) “অভিনব হেম কল্পতরু সঞ্চরু ...” — কে, কাকে দেখে এ মন্তব্য করেছেন ? কল্পতরুর সঙ্গে বর্ণিত পুরুষের মিল কোথায় ? $১ + ১ + ৪$

(ছ) কবন্ধ কে ছিল ? কেন তার চোখ, কান, নাক ছিল না ? সে কীভাবে খাদ্য সংগ্রহ করতো ? $১ + ২ + ৩$

(জ) ‘শতাব্দীর সূর্য আজি’ কোন্ কাব্যগ্রন্থের কবিতা ? সেখানে কবিতাটির কী নাম ছিল ? কোন্ শতাব্দীর সূর্যাস্তের কথা এখানে বলা হয়েছে ? $১ + ১ + ৪$